

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

চাকা

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফই সার্কুলার নং. ১৮

তারিখঃ এপ্রিল, ১৬, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল  
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস

প্রিয় মহোদয়,

নিবাসী ব্যক্তি প্রতিষ্ঠানের পক্ষে স্থানীয় প্রকল্প কর্তৃপক্ষের অনুকূলে বৈদেশিক মুদ্রায় গ্যারান্টি ইস্যু প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্, ভলিযুম-১(২০০৯), অধ্যায়-১৬ এর অনুচ্ছেদ নং-১১ এর নির্দেশনা মোতাবেক  
অনুমোদিত ডিলার ব্যাংক নিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে স্থানীয় প্রকল্প কর্তৃপক্ষের অনুকূলে আন্তর্জাতিক/বৈদেশী দাতা সংস্থা কর্তৃক অর্থায়নের  
বিপরীতে পণ্য/সেবা সংগ্রহ করণার্থে আহবানিত টেক্সারে অংশ গ্রহণের জন্য বৈদেশিক মুদ্রায় বিড বন্ড/পারফরম্যান্স বন্ড/গ্যারান্টি ইস্যুর জন্য  
প্রাধিকার প্রাণ্শু; তবে শর্ত থাকে যে, গ্যারান্টি নগদায়নের পরিস্থিতি উভব হলে তার বিপরীতে উত্থাপিত দাবী সম্পরিমান টাকা দ্বারা নিষ্পত্তিকৃত  
হবে, অন্য কোন মুদ্রায় নয়।

০২। এক্ষণে এ মর্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অনুমোদিত ডিলার ব্যাংক নিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে স্থানীয় প্রকল্প কর্তৃপক্ষের  
অনুকূলে সরকার কর্তৃক অর্থায়নের বিপরীতেও পণ্য/সেবা সংগ্রহ করণার্থে আহবানিত টেক্সারে অংশ গ্রহণের জন্য বৈদেশিক মুদ্রায় বিড  
বন্ড/পারফরম্যান্স বন্ড/গ্যারান্টি ইস্যু করতে পারবে; তবে উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাসমূহ এক্ষেত্রেও পরিপালনীয় হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০